

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা।
www.dip.gov.bd

মহা পরিচালক
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

(দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, প্রশাসন ও অর্থ।)

বিষয়ঃ- বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এর ইনোভেশন টিমের বাৎসরিক কার্যক্রমের প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপণ, তারিখঃ ০৮/০৪/২০১৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত প্রজ্ঞাপণের নির্দেশনা বাস্তবায়নের লক্ষে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের স্মারক নং ব.পা.অ.প্রঃ ১/২৮০/২০১৩/২৩১৩(৮) তারিখ : ০৩/০৬/২০১৩ খ্রিঃ এর মাধ্যমে অত্র অধিদপ্তরের ইনোভেশন টিম গঠন করা হয়। উক্ত টিমের ২০১৪ এর কার্যক্রমের একটি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্তে নিম্নে উপস্থাপন করা হলো :

ক। পাসপোর্ট ডেলিভারী প্রদান প্রক্রিয়া সহজীকরণের সম্ভাব্য ক্ষেত্র যাচাইয়ের জন্য ইনোভেশন টিম গত ৬ই ফেব্রুয়ারী ২০১৪ ইং তারিখে বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা পরিদর্শন করে। উক্ত পরিদর্শন শেষে ইনোভেশন টিম নিম্নোক্ত সুপারিশ পেশ করেঃ-

- ১। পাসপোর্ট অফিস সমূহে তথ্য কেন্দ্র অফিসের সম্মুখ ভাগে স্থাপন করা যাতে সহজে পাসপোর্ট আবেদনকারীর গোচরীভূত হয়।
- ২। তথ্য কেন্দ্রের সেবা প্রদান ডেস্ক বা Work Station গড় আবেদনকারীর সংখ্যা আনুপাতিক হারে স্থাপন করা।
- ৩। ডেলিভারী কাউন্টারে যাওয়ার পূর্বেই Work Station এর সহায়তার মাধ্যমে আবেদনকারী মোবাইলে SMS পেয়েছে কিনা নিশ্চিত হয়ে পরবর্তী কার্যক্রম কোথায় তা জানানোর ব্যবস্থা করা এবং পরবর্তী নির্দেশনা প্রদান করা।
- খ। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের পক্ষে “সার্ভিস ইনোভেশন ফান্ড” এর আওতায় সহায়তা প্রাপ্তির জন্য ইনোভেশন টিম নিম্নোক্ত প্রস্তাব সমূহ প্রেরণ করে।

প্রস্তাবনা (১) : পাসপোর্ট ও ভিসা আবেদনকারীকে মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) ও মেশিন রিডেবল ভিসা (এমআরভি) ইস্যু ও বিতরণ সংক্রান্ত তথ্য অবহিত করার জন্য মোবাইলের মাধ্যমে অটোমেটেড SMS সার্ভিস চালুকরন।

টিসিভি এর উপর প্রভাব : প্রস্তাবটি বাস্তবায়িত হলে সাধারণ জনগণ এমআরপি ও এমআরভি সেবা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/ আঞ্চলিক পাসপোর্ট অফিসে না গিয়ে SMS প্রেরণ ও গ্রহণের মাধ্যমে এ সংক্রান্ত তথ্য জানতে পারবে। এক্ষেত্রে আবেদনকারীর/সেবাগ্রহীতার অতিরিক্ত ১/২ দিন সংশ্লিষ্ট অফিসে গমনের জন্য যাতায়াত খরচ ও সময় কমে যাবে।

প্রস্তাবনা (২) : বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এর প্রধান কার্যালয়ে “কেন্দ্রীয় তথ্য কেন্দ্র” স্থাপন। কেন্দ্রীয় তথ্য কেন্দ্র “MRP & MRV information cell” হিসেবে “এমআরপি এবং এমআরভি” সংক্রান্ত যেকোনো তথ্য প্রদানে সহায়তা করবে। আবেদনকারী নির্দিষ্ট ফোন নাম্বারে ফোন করে কিংবা e-mail এর মাধ্যমে পাসপোর্ট ও ভিসার হালনাগাদ তথ্য সম্পর্কে জানতে পারবে।

টিসিভি এর উপর প্রভাব : প্রস্তাবটি বাস্তবায়িত হলে “এমআরপি এবং এমআরভি” সেবাগ্রহীতাকে পাসপোর্ট ও ভিসা ইস্যু সম্পর্কিত তথ্য জানতে সংশ্লিষ্ট অফিসে যেতে হবে না, এতে সেবা গ্রহীতার অতিরিক্ত সময় এবং যাতায়াত খরচ ব্যয় হবে না। আবেদনকারী সংশ্লিষ্ট অফিসে কেবল দুইবার গমনের মাধ্যমে এমআরপি ও এমআরভি ইস্যু সেবা পেতে পারে।

প্রস্তাবনা (৩) : সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সেবা প্রদান ব্যবস্থা উন্নয়নের জন্য অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ৫০ জনের প্রশিক্ষণ উপকরণ সহ একটি কম্পিউটার ল্যাব স্থাপন, যেখানে এমআরপি ও এমআরভি সেবা প্রদানে নিয়োজিত কর্মকর্তা কর্মচারীদের এমআরপি ও এমআরভি সফটওয়্যারের বিভিন্ন মডিউলের কার্যপদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ দেয়া যাবে।

টিসিভি এর উপর প্রভাব : এ প্রস্তাবটি বাস্তবায়ন করা গেলে নির্ভুলভাবে এমআরপি ও এমআরভি ইস্যু ও বিতরণ কার্যক্রম সম্পন্ন করা যাবে। এতে সেবা গ্রহীতার সময়, খরচ ও সেবা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগীয়/ আঞ্চলিক পাসপোর্ট অফিসে গমনের সংখ্যা কমবে এবং সাধারণ জনগণের হয়রানি বন্ধ হবে।

প্রস্তাবনা (৪) : বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রশাসনিক ও মানবসম্পদ ব্যবস্থাপনার জন্য Web based সফটওয়্যার তৈরী।

টিসিভি এর উপর প্রভাব : প্রস্তাবটি বাস্তবায়িত হলে প্রশাসনিক কার্যক্রম দ্রুততার সাথে সম্পাদন করা যাবে।


এতে সরাসরি না হলেও পরোক্ষভাবে সেবা গ্রহীতার কাজিকত সেবা প্রাপ্তিকে সহজতর করবে এবং জনগণের দুর্ভোগ লাঘব হবে।”

উপরোক্ত প্রস্তাব সমূহের মধ্যে (খ) অংশের ৩ নং প্রস্তাব বাস্তবায়ণে ইতোমধ্যে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। ইতোমধ্যে ‘বহিরাগমন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র’ নামে একটি প্রশিক্ষণ কেন্দ্র চালু করা হয়েছে যা সফল্যজনকভাবে কার্যক্রম শুরু করেছে।

অন্যান্য প্রস্তাবসমূহ বাস্তবায়নে ইনোভেশন টিমের কার্যক্রম অব্যহত আছে।

ইহা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

তারিখঃ ১৯/০২/২০১৫ খ্রিঃ


১৯.০২.১৫

নাদিরা আক্তার

উপপরিচালক (ভিসা ও ইমিঃ) ও
ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর,
আগারগাঁও, ঢাকা।
ফোন-০২৯১৩১৮৯১